দৈনিক বাংলা

তারিখ ... 7 DEC 1990 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 5 ...

40

## তিন জোটের কর্মসূচী স্থগিত

# সকল অফিস আদালত চালু করার আহ্বান

।। স্টাফ রিপোর্টার ।।

আট দল, সাত দল ও পাঁচ দলীয় ঐক্য, জোট আন্দোলনের কর্মসূচী স্থগিত করেছে। গতকাল জোটের এক যুক্ত ঘোষণায় উক্ত কর্মসূচী স্থগিতের কথা ঘোষণা করে অবিলম্বে অফিস-আদালত, প্রতিষ্ঠান, সংস্থা, সকল যানবাহন এবং প্রশাসনিক সকল কাজকর্ম স্বাভাবিকভাবে চালু করার আহবান জানানো হয়।

তিন জোটের যুক্ত ঘোষণায় বলা হয়, জনগণের বীরত্বপূর্ণ সংগ্রামের মুখে স্বৈরাচারী খুনী এরশাদ পদত্যাগ করে তিন জোটের মনোনীত প্রার্থী প্রধান বিচারপতি শাহাবুদ্দীন আহমদের কাছে ক্ষমতা হস্তান্তর করার প্রেক্ষিতেই তিন জোট ঘোষিত আন্দোলনের কর্মসূচী স্থগিত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।